# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
# জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৩

## সাধারণ নির্দেশিকা

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ**
**১১-১২ তলা, বিনিয়োগ ভবন**
**ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।**

## ১. ভূমিকা

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আয়োজিত ‘বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৩'- দক্ষ পেশাজীবীদের জন্য একটি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে বিভিন্ন বৃত্তি ও পেশায় নিয়োজিত পেশাজীবীদের কর্মদক্ষতার বিষয়টি প্রতিযোগিতার মাধ্যমে তুলে এনে জাতীয় পর্যায়ে তাদের স্বীকৃতি প্রদান করা হয় যা জাতি গঠন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে আমাদের যুবসমাজকে দারুণভাবে উজ্জীবিত করে।


পেশায় দক্ষতার স্বীকৃতি প্রদান এবং সেই সাথে দেশের যুব প্রজন্মকে বৈচিত্র্যময় পেশায় আগ্রহী করে তোলা যেমন এ প্রতিযোগিতার একটি উল্লেখযোগ্য দিক, তেমনি আরেকটি উল্লেখযোগ্য দিক হলো, এ প্রতিযোগিতায় দেশ সেরা বিজয়ীরা আগামী ২০২৪ সালে ফ্রান্সের লিও তে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড স্কীলস কম্পিটিশনের ৪৭তম বিশ্ব আসরে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবে।

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিধিমালা, ২০২০ এর বিধি ১৭ অনুযায়ী, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৩ আয়োজনের আয়োজক সংস্থা হিসেবে দায়িত্ব পালন করছে।

### ১.১ লক্ষ্য ও উদ্দেশ্য

- যুব সমাজকে সময়োপযোগী বহুমুখি পেশায় উদ্বুদ্ধকরণ।
- ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন ২০২৪ এ বাংলাদেশের অংশ নেবার জন্য দেশীয় সেরা প্রতিযোগী বাছাই।
- পেশা সম্পর্কিত নেতিবাচক দৃষ্টিভংগীর পরিবর্তন
- প্রতিযোগিতার মধ্য দিয়ে এনএসডিএ-এর কর্মকান্ড সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণ।
- জনমিতিক লভ্যাংশ এবং পেশায় দক্ষতার সুফল সম্পর্কে যুব সমাজকে সচেতন করা।

## ২. প্রতিযোগিতার কাঠামো




### ২.১ প্রতিযোগী রেজিস্ট্রেশন

- প্রতিযোগীদের রেজিস্ট্রেশন অনলাইনে https://forms.gle/zg5WH6fUMai5mWi87 নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
- যে সকল প্রতিযোগীর জন্ম ২০০২ সালের ১ জানুয়ারি বা এর পরবর্তী তারিখে তারা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় দক্ষতা প্রতিযোগিতা-২০২৩ এ অংশগ্রহণ করতে পারবে।

- বয়স প্রমানের ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র (এনআইডি) তে প্রদত্ত বয়স বিবেচিত হবে। এনআইডি না থাকলে জন্ম সনদ মোতাবেক বয়স বিবেচনা করা যেতে পারে।
- একজন প্রতিযোগী কেবলমাত্র একটি ট্রেডে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

## ২.২ জেলা পর্যায়ে প্রাথমিক বাছাই

কেন্দ্রীয় কমিটি অনলাইনে প্রাপ্ত রেজিস্ট্রেশনসমূহ প্রাথমিক বাছাই-এর উদ্দেশ্যে জেলা প্রশাসকের সভাপতিত্বে গঠিত জেলা পর্যায়ের কমিটির নিকট প্রেরণ করবে। জেলা পর্যায়ের কমিটি ক্লাস্টার জেলায় প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে প্রতিযোগী নির্বাচন করবে এবং নিজ নিজ জেলার প্রতিযোগীদের ক্লাস্টার জেলায় পরিবহনসহ ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করবে। ক্লাস্টার জেলা ও সংশ্লিষ্ট জেলার তালিকা নিম্নরূপ।

| ক্র. নং | ক্লাস্টার জেলার নাম | অন্তর্ভুক্ত জেলাসমূহ |
|---|---|---|
| ১. | ঢাকা | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ |
| ২. | গোপালগঞ্জ | গোপালগঞ্জ, মাদারিপুর, শরীয়তপুর, ফরিদপুর, রাজবাড়ি |
| ৩. | গাজীপুর | গাজীপুর, টাঙ্গাইল, নরসিংদী, কিশোরগঞ্জ |
| ৪. | রংপুর | রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা |
| ৫. | দিনাজপুর | পঞ্চগড়, ঠাকুরগাঁও, নীলফামারী, দিনাজপুর |
| ৬. | রাজশাহী | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা |
| ৭. | বগুড়া | বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, সিরাজগঞ্জ |
| ৮. | কুষ্টিয়া | কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ |
| ৯. | যশোর | যশোর, মাগুরা, নড়াইল |
| ১০. | খুলনা | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট |
| ১১. | বরিশাল | বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী, ভোলা |
| ১২. | চট্টগ্রাম | ফেনী, চট্টগ্রাম, কক্সবাজার |
| ১৩. | কুমিল্লা | কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী |
| ১৪. | রাঙ্গামাটি | রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান |
| ১৫. | সিলেট | সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভিবাজার |
| ১৬. | ময়মনসিংহ | ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর, জামালপুর |

## ২.৩ ক্লাস্টার জেলায় প্রতিযোগিতা

- জেলা পর্যায় থেকে বাছাইকৃত প্রতিযোগীদের সমন্বয়ে ক্লাস্টার জেলায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
- ১৬টি ক্লাস্টার জেলার জেলা পর্যায়ের কমিটি কেন্দ্রীয় কমিটির সহযোগিতায় প্রতিযোগিতার ভেন্যু নির্ধারণ ও ব্যবস্থাপনার দায়িত্বে থাকবে।
- ক্লাস্টার জেলায় নির্ধারিত ভেন্যুতে নির্ধারিত ট্রেডসমূহে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ট্রেডভিত্তিক সংশ্লিষ্ট ওয়ার্কশপে প্রতিযোগীদের নির্ধারিত সময়ের মধ্যে ডেমোনস্ট্রেশন সম্পন্ন করতে হবে। কেন্দ্রীয় কমিটি কর্তৃক নির্ধারিত বিচারক বা অ্যাসেসর কর্তৃক প্রতিযোগীদের কাজ মূল্যায়ন করা হবে। মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে প্রতিযোগীদের পুরস্কার ও সনদ প্রদান করা হবে।
- ক্লাস্টার জেলার জেলা পর্যায়ের কমিটি বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতার জন্য নির্বাচিত প্রতিযোগীদের তালিকা কেন্দ্রীয় কমিটির নিকট প্রেরণ করবে।

### ২.৪ বিভাগীয় প্রতিযোগিতা

- বিভাগীয় পর্যায়ের জন্য নির্বাচিত প্রতিযোগীদের প্রতিযোগিতা সংশ্লিষ্ট ৮টি বিভাগে বিভাগীয় কমিটির মাধ্যমে অনুষ্ঠিত হবে।
- ৮টি বিভাগের বিভাগীয় কমিটি কেন্দ্রীয় কমিটির সহযোগিতায় প্রতিযোগিতার ভেন্যু নির্ধারণ ও ব্যবস্থাপনার দায়িত্বে থাকবে।
- বিভাগীয় শহরে নির্ধারিত ভেন্যুতে নির্ধারিত ট্রেডসমূহে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ট্রেডভিত্তিক সংশ্লিষ্ট ওয়ার্কশপে প্রতিযোগীদের নির্ধারিত সময়ের মধ্যে ডেমোনস্ট্রেশন সম্পন্ন করতে হবে। কেন্দ্রীয় কমিটি কর্তৃক নির্ধারিত বিচারক বা অ্যাসেসর কর্তৃক প্রতিযোগীদের কাজ মূল্যায়ন করা হবে। মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে প্রতিযোগীদের পুরস্কার ও সনদ প্রদান করা হবে।
- বিভাগীয় কমিটি জাতীয় প্রতিযোগিতার জন্য নির্বাচিত প্রতিযোগীদের তালিকা কেন্দ্রীয় কমিটির নিকট প্রেরণ করবে।

### ২.৫ ক্লাস্টার জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতার কেন্দ্র

জেলা পর্যায় ও বিভাগীয় পর্যায়ে সরকারি পলিটেকনিক কলেজ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, অডিটরিয়াম এবং বিশেষ ক্ষেত্রে খেলার মাঠে প্রতিযোগিতা আয়োজন করা যাবে। বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের ওয়ার্কশপ, ল্যাবরেটরি ইত্যাদি প্রতিযোগিতার হাব হিসেবে ব্যবহার করা যাবে। জেলা ও বিভাগীয় কমিটি কেন্দ্র ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে এবং কেন্দ্রীয় কমিটিকে রিপোর্ট করবে।

### ২.৬ জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা


বিভাগীয় পর্যায়ে নির্বাচিত প্রতিযোগীদের সমন্বয়ে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

## ৩. প্রতিযোগিতার ট্রেডসমূহ

| ক্র. নং | ট্রেডের নাম | সেক্টর |
|---|---|---|
| ১. | কুকিং | সোশ্যাল এন্ড পার্সোনাল সার্ভিসেস |
| ২. | রেস্টুরেন্ট সার্ভিস | |
| ৩. | পেটিসারি এন্ড কনফেকশনারি | |
| ৪. | বেকারি | |
| ৫. | ফ্যাশন টেকনোলজিস | ক্রিয়েটিভ আর্ট এন্ড ফ্যাশন |
| ৬. | ওয়েব টেকনোলজিস | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ৭. | সাইবার সিকিউরিটি | |
| ৮. | আইটি নেটওয়ার্ক সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন | |
| ৯. | ক্লাউড কম্পিউটিং | |
| ১০. | প্রিন্ট মিডিয়া টেকনোলজি | |
| ১১. | ওয়েল্ডিং | ম্যানুফ্যাকচারিং এন্ড ইঞ্জিনিয়ারিং |
| ১২. | পেইন্টিং এন্ড ডেকোরেটিং | কন্সট্রাকশন এন্ড বিল্ডিং টেকনোলজি |
| ১৩. | প্লাস্টারিং এন্ড ড্রাইওয়াল সিস্টেমস | |

ট্রেড ও এক্সপার্ট উপকমিটির সুপারিশের ভিত্তিতে কেন্দ্রীয় কমিটি নতুন ট্রেড সংযোজন করতে পারেন।

## ৪. প্রতিযোগিতা আয়োজনের জনবল কাঠামো




### ৪.১ প্রতিযোগিতা সংশ্লিষ্ট জনবলের দায়িত্ব

| জনবল | দায়িত্ব |
|---|---|
| সেক্টর ব্যবস্থাপক | সংশ্লিষ্ট সেক্টরের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম বাস্তবায়ন, তদারকি ও ব্যবস্থাপনা। |
| ওয়ার্কশপ ব্যবস্থাপক | ▪ ট্রেড ভিত্তিক ওয়ার্কশপ স্থাপন,<br>▪ উপকরণ সংগ্রহ ও সরবরাহ,<br>▪ ওয়ার্কশপের নিরাপত্তা নিশ্চিত করা,<br>▪ পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং পরিবেশের সুরক্ষা করা এবং<br>▪ ওয়ার্কশপ অঞ্চলের পরিষ্কার পরিচ্ছতা নিশ্চিত করা। |
| ট্রেড ব্যবস্থাপক | ▪ নির্দিষ্ট ট্রেডে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম বাস্তবায়ন তদারকি ও ব্যবস্থাপনা করবেন। |

| | |
|---|---|
| ওয়ার্কশপ কো-অর্ডিনেটর | • নির্ধারিত ট্রেডের জন্য ওয়ার্কশপে উপকরণ, সরঞ্জাম ও পর্যাপ্ত সুযোগ সুবিধা আছে কি না নিশ্চিত করা।<br>• সকল সরঞ্জাম কাজের জন্য উপযুক্ত কি না পরীক্ষা করা।<br>• অকেজো সরঞ্জাম প্রয়োজন অনুসারে মেরামত বা প্রতিস্থাপনের ব্যবস্থা করা।<br>• প্রতিযোগীদের ওয়ার্কশপে পেশাগত স্বাস্থ্য সুরক্ষা, নিরাপত্তা ও সুরক্ষিত পরিবেশ নিশ্চিত করা। |
| দক্ষতা বিশেষজ্ঞ | ▪ দক্ষতা প্রতিযোগিতার বিষয়ের উপর ভিত্তি করে ঐ বিষয়ে প্রতিযোগিতার আদর্শমান নির্ধারণ করা,<br>▪ আদর্শমানের সাথে সম্পর্ক রেখে প্রতিযোগিতার বিষয়বস্তু নির্ধারণ করা,<br>▪ প্রতিযোগিতার বিষয়বস্তু ও সামগ্রিক ডিজাইন এবং ড্রইং করা,<br>▪ টেষ্ট প্রজেক্ট এর কারিগরি দিক বর্ণনা করা,<br>▪ প্রতিযোগিতার মূল্যায়ন কার্যক্রমের জন্য প্রয়োজনীয় নম্বর বিন্যাস (Mark Scheme) মার্ক স্কীম তেরী করা । |
| অ্যাসেসর বা বিচারক | ▪ প্রতিযোগীদের কাছে টেস্ট প্রজেক্ট বর্ণনা করা<br>▪ টেষ্ট প্রজেক্টের মূল্যায়নের বিষয়বস্তু ও পদ্ধতি ব্যাখ্যা করা<br>▪ প্রতিযোগীদের প্রশ্নের উত্তর বা ব্যাখ্যা প্রদান<br>▪ প্রতিযোগীদের পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণের বিষয়ে দৃষ্টি রাখা<br>▪ প্রতিযোগীদের টুলবক্স পরীক্ষা করা<br>▪ অবকাঠামো তালিকা অনুযায়ী প্রতিযোগীদের যন্ত্রপাতি, টুলস এবং কাঁচামাল/উপকরণ সরবরাহের ব্যবস্থা করা<br>▪ প্রতিযোগিতা চলাকালীন সময়ে প্রতিযোগীরা যাতে যথাযথ পদ্ধতিতে যন্ত্রপাতি ও উপকরণ ব্যবহার করে তা তত্ত্বাবধান করা এবং<br>▪ প্রতিযোগিরা যাতে তৃতীয় কোন মাধ্যম বা পক্ষ থেকে সাহায্য নিতে না পারে তার উপর নজর রাখা<br>▪ প্রতিযোগী মূল্যায়ন। |

| | |
|---|---|
| মান নিরীক্ষক | ▪ প্রতিযোগিতায় ব্যবহৃত সকল যন্ত্রপাতি প্রতিযোগিতার জন্য মানসম্মত কিনা তা নিরীক্ষা করবেন।<br>▪ প্রতিযোগিতার বিষয়বস্তু, প্রক্রিয়া পদ্ধতি ও মূল্যায়ন ব্যবহার নিরপেক্ষ ও উপযুক্ততা নিরীক্ষা করবেন।<br>▪ সঠিক মালামাল নিরূপণের জন্য মূল্যায়ন প্রক্রিয়া পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ করবেন এবং<br>▪ তিনি সরাসরি কেন্দ্রীয় কমিটির নিকট তার প্রতিবেদন দাখিল করিবেন এবং আয়োজক সংস্থাকে অনুলিপি দিবেন। |
| দক্ষতা উপদেষ্টা | ▪ প্রতিযোগিতার সকল ব্যবস্থাপক, বিশেষজ্ঞ, বিচারক/ অ্যাসেসর, মান নিরীক্ষক, আদর্শমান ও মূল্যায়ক উপদেষ্টা নিয়োগে সহায়তা করবেন।<br>▪ টেষ্ট প্রজেক্ট নির্বাচনে আয়োজক সংস্থাকে সহায়তা প্রদান করবেন এবং প্রয়োজনে কর্তৃপক্ষের সাথে সমন্বয় করবেন।<br>▪ প্রতিযোগিতার প্রতিটি বিষয়ের আদর্শমান, কারিগরি বর্ণনা, অবকাঠামো তালিকা ও মূল্যায়ন পদ্ধতির চূড়ান্ত করতে প্রয়োজনীয় বিশেষজ্ঞ ও মূল্যায়ক বাছাই, নিয়োগ ও পরিচালনা সংক্রান্ত কার্যক্রমে সহায়তা করবেন।<br>▪ সুষ্ঠু প্রতিযোগিতার স্বার্থে তিনি কারিগরি বিষয়ে যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন বা বিয়োজন করতে পারবেন। |

## ৫. প্রতিযোগিতা ব্যবস্থাপনা

৫.১ প্রতিযোগীদের সুবিধার জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ নিম্নোক্ত তথ্যসমূহ সরবরাহ করবে। প্রতিযোগিতার সকল প্রয়োজনীয় তথ্য ওয়েবসাইটে (http://www.nsda.gov.bd/) পাওয়া যাবে।

- প্রতিযোগিতার নিয়মাবলী এবং পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ নির্দেশিকা।
- কারিগরি বর্ণনা ও অবকাঠামো তালিকা।
- প্রতিযোগিতার টেস্ট প্রজেক্ট।
- যে কোন অতিরিক্ত যন্ত্রপাতি বা টুলস বা উপকরণ সম্পর্কে নির্দেশনা।

৫.২ কারিগরি বর্ণনায় নিম্নের বিষয়গুলি উল্লেখ করা হবে:

- দক্ষতা প্রতিযোগিতার নাম
- দক্ষতা প্রতিযোগিতার সাথে যুক্ত কাজ বা বৃত্তি/পেশা
- দক্ষতার বর্ণনা
- মূল্যায়ন নির্দেশিকা
- মূল্যায়ন নম্বর বিন্যাস

- আকৃতি বা কাঠামো
- টেষ্ট প্রজেক্ট উন্নয়ন, নির্বাচন, বৈধকরণ (validation), প্রচার এবং ২৫% -৩০% পরিবর্তনের সুযোগ রাখা, দক্ষতা প্রতিযোগিতা অনুষ্ঠানের পদ্ধতি
- দক্ষতাটির বিষয়ে পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা ও পরিবেশগত ঝুঁকি এবং তার প্রতিকার পদ্ধতি
- উপকরণ যন্ত্রপাতি ও টুলসের তালিকা
- প্রতিযোগীকে সঙ্গে আনতে হবে এইরুপ টুলসের তালিকা
- যে সমস্ত যন্ত্রপাতি, টুলস বা উপকরণ ব্যবহার করা যাবে না তার তালিকা
- কারিগরি বর্ণনায় প্রতিযোগিতা এলাকার ওয়ার্কশপ ও ওয়ার্কষ্টেশনের লে-আউট প্লান সংযুক্ত করা হবে এবং
- প্রতিযোগিতা স্থলে আয়োজক সংস্থা কর্তৃক যে সমস্ত উপকরণ, যন্ত্রপাতি ও টুলস প্রদান করা হবে তা আবকাঠামো তালিকায় অন্তর্ভূক্ত করা।

## ৬. মূল্যায়ন ও নম্বর প্রদান

- মূল্যায়ন প্রক্রিয়া ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী সম্পন্ন করা হবে।
- নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে ট্রেডভিত্তিক দক্ষতা বিচারক বা অ্যাসেসরগণ প্রত্যেক প্রতিযোগীকে মূল্যায়ন করবেন।
- দক্ষতা বিচারক বা অ্যাসেসর কর্তৃক প্রস্তুতকৃত নম্বরপত্র সেক্টর দক্ষতা বিচারক যাচাই বাছাই করবেন এবং প্রধান দক্ষতা বিচারকের নিকট উপস্থাপন করবেন।
- প্রধান বিচারক চূড়ান্তকৃত ফলাফল প্রকাশের জন্য কেন্দ্রীয় কমিটির নিকট জমা দেবেন।

## ৭. প্রতিযোগিতার ছবি ও ভিডিও ধারণ

- প্রতিযোগিতা চলাকালীন অবস্থায় টেষ্ট প্রজেক্ট বা উহার কোন অংশের ভিডিও ধারণ বা ছবি তোলা যাবে না এবং প্রতিযোগীকে প্রশ্ন করা বা সাক্ষাৎকার গ্রহণ করা যাবে না।

## ৮. পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ

- প্রতিযোগিতা পরিচালনায় নিয়োজিত বিশেষজ্ঞগণ পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণ নির্দেশিকায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করবেন।
- মান নিরীক্ষক প্রতিযোগিতার জন্য তৈরি করা প্রতিটি ওয়ার্কশপ ও যন্ত্রপাতি নিরীক্ষা করে সেগুলি জাতীয় দক্ষতা নিয়মাবলিতে বর্ণিত বিধি বিধান অনুযায়ী বাস্তবায়িত হয়েছে কিনা তা নিরীক্ষা করবেন।
- প্রতিযোগীদের যথাযথ প্রস্তুতি গ্রহণের সুবিধার্থে পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা সংক্রান্ত নির্দেশিকা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে পাওয়া যাবে।